



232337 - আল্লাহ্যাকে তাঁর কতিব মুখস্থ করার তাওফকি দিনে তিনি তার কল্যাণ চান

প্রশ্ন

আল্লাহ্যাকে তাঁর কতিব মুখস্থ করার তাওফকি দিচ্ছেন তিনি তাঁর কল্যাণ চাচ্ছেন এমনটি হওয়া কজিবুরী; তার মর্যাদা যে পরযায়রে হোক না কেন?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

আল্লাহ্যাকে তাঁর সন্তুষ্টির নিমিত্তে তাঁর কতিব মুখস্থ করার তাওফকি দিচ্ছেন; দুনিয়াবী কোন উদ্দেশ্যে নয়: ইনশা আল্লাহ; আল্লাহ্যাদের কল্যাণ চয়েছেন সে ব্যক্তি তাদেরই একজন।

কেননা কুরআন হচ্ছে সকল ইসলামী জ্ঞানের মূল ও মহান দরজা। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলছেন: "তোমাদের সর্বোত্তম ঐ ব্যক্তি যে নিজের কুরআন শিখে ও অন্যকে শিক্ষা দেয়"। [সহিহ বুখারী (৫০২৭)]

ইমাম মুসলিম (৮০৪) আবু উমামা আল-বাহলী (রাঃ) থেকে বর্ণনা করেন যে, তিনি বলেন: আমি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনছি তিনি বলেন: "তোমরা কুরআন পড়। কারণ কুরআন কয়ামতের দিন কুরআনওয়ালাদের জন্য সুপারিশ করবে।"

কিন্তু যে ব্যক্তি কুরআন মুখস্থ করেছে তার সাবধান থাকা উচিত— কুরআনের বধিবিধানে বরখলোফ করা থেকে এবং কুরআনের শিষ্টাচারে নিজেকে অলংকৃত না করা থেকে; ফলে কুরআন তার বপিক্ষরে দলিল হবে; তার পক্ষে নয়।

ইমাম মুসলিম (২২৩) আবু মালিক আল-আশআরী (রাঃ) থেকে বর্ণনা করেন যে, তিনি বলেন রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলছেন: "কুরআন তোমার পক্ষে কহিবা বপিক্ষে দলিল"।

শাইখ উছাইমীন (রহঃ) বলেন:

"হয়তো কুরআন আপনার পক্ষে হবে। তা এভাবে যে, যদি কুরআন দিয়ে আপনি আল্লাহর পৌঁছতে পারেন এবং এ কুরআনের আবশ্যকীয় অধিকারগুলো আদায় করতে পারেন: কুরআনের সংবাদগুলো বিশ্বাস করেন, নরিদশেগুলো পালন করেন, নষিধেগুলো পরহিার করেন, এই কুরআনকে সম্মান করেন ও মর্যাদা দেন— এমন হলে কুরআন আপনার পক্ষে দলিল।



কথিবা এর বপিরীত হবঃ আপনি কুরআনকে অপমান করছেন, কুরআনকে বর্জন করছেন; এর শব্দ, ভাব ও আমল ত্যাগ করার মাধ্যমে; কুরআনরে আবশ্যকীয় অধিকার আদায় করেননি— তাহলে এই কুরআন কয়ামতরে দনি আপনার বপিক্ষে সাক্ষী হবে।"[শারহু রয়াদুস সালহীন (পৃষ্ঠা-৩০) থেকে সংকলতি]

আল্লাহই সর্বজ্ঞঃ।